



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং- বিদ্যালয়-১/সাধারণ/১৬১৭

তারিখ : ১৮/১২/২০১৭

বিষয় : ৩৮তম বিসিএস পরীক্ষা ২০১৭ এর প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠান প্রসঙ্গে।

সূত্র : সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা- এর ০৫/১২/২০১৭ তারিখের
স্মারক নং- ৮০.০০.০০০০.২০০.৫০.১৪১.১৭-৭৮৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ৩৭তম বিসিএস পরীক্ষা ২০১৭ এর প্রিলিমিনারি টেস্ট আগামী ২৯/১২/২০১৭ তারিখ শুক্রবার সকাল ১০.০০ হতে ১২.০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ভেন্যুতে উল্লেখিত তারিখ ও সময়ে কোন পরীক্ষা বা ক্লাস না রাখার জন্য এবং প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সূত্রোক্ত পত্র।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যানের আদেশক্রমে

১৪.১২.১৭

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।



৩৩৩/১১/১৭
12.12.17

ক/প-বি/প

৩৩৩/১১/১৭

সচিব

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ফোন : ৫৫০০৬৬২২

ই-মেইল : secretary@bpsc.gov.bd

আধাসরকারি পত্র নং-৮০.০০.০০০০.২০০.৫০.১৪১.১৭- ৭৫৭

তারিখ-০৫ ডিসেম্বর ২০১৭

প্রিয় মহোদয়,

শুভেচ্ছা জানবেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ৩৮ তম বিসিএস এর মাধ্যমে প্রজাতন্ত্রের ২,০২৪ টি ক্যাডার পদ পূরণের জন্য ৩,৪৬,৪৪৬ জন প্রার্থীর প্রিলিমিনারি টেস্ট গ্রহণের প্রস্তুতি প্রায় সম্পন্ন করেছে। আগামী ২৯ ডিসেম্বর ২০১৭ তারিখ উক্ত পরীক্ষা বিভাগীয় শহর ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহের প্রায় ২৮৩টি শিক্ষা প্রতিষ্ঠানে (সংযুক্তি-১) সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত একযোগে অনুষ্ঠিত হবে।

আপনি হয়তো অবহিত আছেন যে, বিপুল সংখ্যক প্রার্থীর পরীক্ষা গ্রহণের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন সচিবালয়ের কোন অবকাঠামোগত সুবিধা না থাকায় কমিশনকে পরীক্ষা গ্রহণের জন্য ৮টি বিভাগীয় শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সহায়তা নিতে হয়। ইতোমধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতায় মোট ১৬২টি শিক্ষা প্রতিষ্ঠানকে পরীক্ষার কেন্দ্র হিসেবে নির্বাচন করা হয়েছে। নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সঙ্গে ইতোমধ্যে কমিশন সচিবালয় থেকে যোগাযোগ করা হয়েছে।

আগামী ২৯ ডিসেম্বর শুক্রবার অনুষ্ঠিতব্য ৩৮তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্র হিসেবে ব্যবহারের ক্ষেত্রে সরকারী কর্ম কমিশনকে সকল প্রকার প্রশাসনিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। সেইসঙ্গে, উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে যাতে অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠানের পরীক্ষা কর্মসূচি না রাখা হয়, সে বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা দেয়াও প্রয়োজন।

বিসিএস পরীক্ষা একটি জনগুরুত্বপূর্ণ জাতীয় পরীক্ষা। প্রজাতন্ত্রের সিভিল সার্ভিসে উপযুক্ত প্রার্থী নির্বাচনের সাংবিধানিক দায়িত্ব প্রতিপালনের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন বিসিএস পরীক্ষা গ্রহণ করে থাকে। আগামী ৩৮ তম বিসিএস-এর মাধ্যমে প্রজাতন্ত্রের সিভিল সার্ভিসে যোগ্য প্রার্থী নির্বাচনের প্রক্রিয়ায় কমিশনকে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছা

০৫.১২.২০১৭
[আক্তারী মমতাজ]

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২৬২০
২৩/১২/১৭